



সেনাবাহিনীর ভূমিকা প্রশংসনীয়, নির্বাচন নিয়ে আশাবাদী: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

দেশের বিভিন্ন স্থানে নির্বাচনী পরিস্থিতি নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার দুপুরে রাজধানীতে দলের প্রধান নির্বাচনী কার্যালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। তিনি জানান, কিছু কেন্দ্রে দখলের অভিযোগ পাওয়া গেলেও সেনাবাহিনী দ্রুত হস্তক্ষেপ করে সেসব কেন্দ্র দখলমুক্ত করেছে। তার মতে, সারাদেশে সেনাবাহিনীর সক্রিয় ও দায়িত্বশীল ভূমিকা প্রশংসার দাবিদার। ডা. শফিকুর রহমান বলেন, এই দায়িত্বশীলতা অব্যাহত থাকলে দেশ একটি গ্রহণযোগ্য ও ভালো নির্বাচন উপহার পাবে। তিনি দেশের মানুষের বিচক্ষণতার ওপর আস্থা রেখে বলেন, ভোটারদের উপস্থিতি সন্তোষজনক এবং শেষ পর্যন্ত একটি সুষ্ঠু নির্বাচন সম্পন্ন হবে বলে তিনি আশা করছেন।

LENS ASIA